

## Daily Current Affairs Bangla: ৫ মে ২০২৬ এর গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স

৫ মে ২০২৬-এর এই প্রতিবেদনে থাকছে দেশ-বিদেশের গুরুত্বপূর্ণ সব খবর। চাকরিপ্রার্থীদের প্রস্তুতির কথা মাথায় রেখেই প্রতিটি তথ্য সহজভাবে সাজানো হয়েছে, যা নিয়মিত কারেন্ট অ্যাফেয়ার্স আপডেটের জন্য আপনাদের কাজে আসবে।

### জাতীয় কারেন্ট অ্যাফেয়ার্স

#### 01 ভারতীয় রিজার্ভ ব্যাংকের নতুন ডেপুটি গভর্নর

ভারতীয় রিজার্ভ ব্যাংকের (RBI) নতুন ডেপুটি গভর্নর হিসেবে দায়িত্ব নিলেন রোহিত জৈন। সদ্য অবসর নেওয়া টি. রবিশঙ্করের স্থলাভিষিক্ত হলেন তিনি। এই পদে তাঁর মেয়াদ থাকবে **৩ বছর**। বর্তমানে আরবিআই-তে চারজন ডেপুটি গভর্নর রয়েছেন—স্বামিনাথন জে, ডঃ পুনম গুপ্ত, শিরীষ চন্দ্র মুর্মু এবং রোহিত জৈন।

#### ☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ভারতীয় রিজার্ভ ব্যাংক ১ এপ্রিল ১৯৩৫ সালে প্রতিষ্ঠিত হয়।
- আরবিআই-এর বর্তমান গভর্নর শক্তিকান্ত দাস।

#### 02 ভারতের প্রথম কাগজ-রহিত বিচারব্যবস্থা

সিমকিম ভারতের প্রথম 'পেপারলেস জুডিশিয়ারি স্টেট' বা কাগজবিহীন বিচারব্যবস্থার রাজ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে। রাজ্যের আদালতগুলোতে এখন প্রশাসনিক ও বিচারিক কাজে কাগজের ব্যবহার পুরোপুরি বন্ধ। তবে মনে রাখা প্রয়োজন, কেরালার ওয়ানাডের কালপেট্টা জেলা আদালত ছিল ভারতের প্রথম সম্পূর্ণ পেপারলেস জেলা আদালত।

#### ☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- সিকিমের রাজধানী গ্যাংটক।
- এটি ভারতের সবচেয়ে কম জনবহুল রাজ্য।

#### 03 বিধানসভা নির্বাচন ২০২৬

সম্প্রতি পাঁচটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে নির্বাচন সম্পন্ন হয়েছে। একনজরে গুরুত্বপূর্ণ তথ্যগুলো দেখে নিন:

- পশ্চিমবঙ্গ: ২৯৪ টি আসন (গভর্নর: আর. এন. রবি)
- কেরালা: ১৪০ টি আসন (গভর্নর: রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকর)
- আসাম: ১২৬ টি আসন (গভর্নর: লক্ষ্মণ প্রসাদ আচার্য)
- তামিলনাড়ু: ২৩৪ টি আসন (গভর্নর: রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকর – অতিরিক্ত দায়িত্ব)
- পুদুচেরি: ৩০ টি আসন (লেফটেন্যান্ট গভর্নর: মিস্টার কৈলাশনাথন)

#### ✓ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ভারতের নির্বাচন কমিশন একটি সাংবিধানিক সংস্থা।
- বর্তমান মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার।

#### 04 স্টেট-লিড সেন্টার অফ এক্সিলেন্স ফর স্পেস টেকনোলজি

মহাকাশ গবেষণার সুফল সাধারণের দোরগোড়ায় পৌঁছে দিতে কর্ণাটক সরকার বেঙ্গালুরুতে ভারতের প্রথম 'স্টেট-লিড সেন্টার অফ এক্সিলেন্স ফর স্পেস টেকনোলজি' চালু করেছে। কর্ণাটক ইনোভেশন এন্ড টেকনোলজি সোসাইটি এবং স্যাটকম ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়া যৌথভাবে এই উদ্যোগ নিয়েছে।

#### ✓ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ইসরো (ISRO)-র সদর দপ্তর বেঙ্গালুরুতে।
- ইসরো ১৫ আগস্ট ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত হয়।

#### 05 নর্থ টেক সিম্পোজিয়াম ২০২৬

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে তিন দিন ধরে চলল 'নর্থ টেক সিম্পোজিয়াম'। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এর উদ্বোধন করেন। এবারের আয়োজনে ২৮৪টি এমএসএমই এবং প্রতিরক্ষা স্টার্টআপ অংশ নিয়েছে।

#### ✓ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ভারতের বর্তমান প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।
- ডিআরডিও (DRDO) ভারতের প্রতিরক্ষা প্রযুক্তির প্রধান গবেষণা প্রতিষ্ঠান।

#### 06 ভারতের প্রথম পার্ল ফার্মিং ক্লাস্টার

ঝাড়খণ্ডের হাজারিবাগ জেলাকে ভারতের প্রথম 'পার্ল ফার্মিং ক্লাস্টার' হিসেবে গড়ে তোলা হচ্ছে। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনার অধীনে ২২ কোটি টাকা ব্যয়ে এই প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

### ☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- মুক্তো চাষ মূলত মিষ্টি জলের সিপে করা হয়।
- মৎস্য ও পশুপালন মন্ত্রী রাজীব রঞ্জন সিং।

## আন্তর্জাতিক কারেন্ট অ্যাফেয়ার্স

### 07 ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স ২০২৬

রিপোর্টার্স উইদাউট বর্ডারস-এর সাম্প্রতিক রিপোর্টে ভারত ১৮০টি দেশের মধ্যে ১৫৭ তম স্থানে রয়েছে। গত বছর ভারত ছিল ১৫১ তম স্থানে। এই রিপোর্টে ভারতকে 'ভেরি সিরিয়াস' বা অত্যন্ত উদ্বেগজনক বিভাগে রাখা হয়েছে।

### ☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্সের শীর্ষ দেশ নার্বি।
- তালিকার একেবারে শেষে রয়েছে এরিট্রিয়া।

### 08 এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর বিনিয়োগ

এশীয় উন্নয়ন ব্যাংক এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বিদ্যুৎ ও ডিজিটাল সংযোগ স্থাপনের জন্য ৭০ বিলিয়ন ডলার বিনিয়োগের কথা ঘোষণা করেছে। উজবেকিস্তানের সমরকন্দে আয়োজিত ৫৯তম বার্ষিক বৈঠকে এই বড় ঘোষণাটি আসে।

### ☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত হয়।
- এডিবি'র সদর দপ্তর ফিলিপিন্সের ম্যানিলায়।

## অন্যান্য গুরুত্বপূর্ণ ঘটনাবলী

## 09 আন্দামান ও নিকোবরে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস

আন্দামান ও নিকোবরের স্বরাজ দ্বীপে (হ্যাভলক দ্বীপ) দুই দিনে দুটি নতুন রেকর্ড হয়েছে। প্রথমটি হলো বিশ্বের বৃহত্তম জলের নিচের জাতীয় পতাকা (৬০x৪০ মিটার) প্রদর্শন এবং দ্বিতীয়টি জলের নিচে সর্বোচ্চ ১৪ জনের মানব পিরামিড তৈরি (২২.৩ মিটার)।

## 10 গ্যালেক্সি আইজ মিশন দৃষ্টি

বেঙ্গালুরুর স্টার্টআপ 'গ্যালেক্সি আইজ' তৈরি করেছে বিশ্বের প্রথম অপটোসার (OptoSAR) স্যাটেলাইট। স্পেসএক্সের ফ্যালকন ৯ রকেটের মাধ্যমে এটি উৎক্ষেপণ করা হয়। প্রতিকূল আবহাওয়ায় স্বচ্ছ ছবি তোলাই এই মিশনের কাজ।

### ☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- স্পেসএক্স একটি আমেরিকান মহাকাশ গবেষণা সংস্থা।
- এর প্রতিষ্ঠাতা ইলোন মাস্ক।

এই কারেন্ট অ্যাফেয়ার্সগুলো পড়ার পর নিজেকে যাচাই করতে আমাদের কুইজ বিভাগে অংশ নিন।

[☐ Take the Interactive Quiz](#)